দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 1 8 1999
পৃঃ ৫ কলাম ৩

65

## চাই প্রযুক্তি-নির্ভর শিক্ষা ব্যবস্থা

ছোটকাল থেকে শুনে এসেছি আমাদের শিক্ষা ব্যবস্থা নাকি বৃটিশরা তৈরী করে গেছে। তাদের উদ্দেশ্য ছিলো কিছু কেরানী তৈরী করা। বৃটিশদের কাছ থেকে স্বাধীনতা পেয়ে প্রায় পঞ্চাশ বছর পার করে দিয়েছি এখনো সেই মান্ধাতার আমলের শিক্ষা ব্যবস্থা আমাদের দেশে রয়ে গেছে। বর্তমান শিক্ষা ব্যবস্থায় প্রতি বছরই হাজার হাজার ছাত্র-ছাত্রী গ্রাজুয়েট হয়ে বের হচ্ছে। কিন্তু পরিতাপের বিষয় হলো, এসব গ্রাজুয়েটরা প্রযুক্তি-নির্ভর শিক্ষা ব্যবস্থায় শিক্ষিত না হবার কারণে চাকরি পাচ্ছে না। আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা এ রকম যে, রসায়ন বিজ্ঞানে মাস্টার্স করার পর চাকরি নিতে হয় ব্যাংকে অথবা প্রাণী বিজ্ঞানে মাস্টার্স করার পর তার বিভাগীয় কোন প্রতিষ্ঠানে চাকরি না পেয়ে তিনি বিসিএস দিয়ে হন প্রশাসনিক অফিসার। আর সাধারণ বিভাগের ছাত্র-ছাত্রীদের পাস করার পর বেকারত্বের অভিশাপ নিয়ে দিন অতিবাহিত করতে হয়। বর্তমান যুগকে বলা হয় ইলকট্রনিকসের যুগ। সেই ইলেকট্রনিকসের বিষয়ে আমাদের শিক্ষা মন্ত্রণালয়ের কোন চিন্তা-ভাবনা আছে বলে মনে হয় না। আমাদের দেশের সাধারণ মানুষের জন্য সরকারী-আধাসরকারী স্কুল-কলেজে এ বিষয়ে পড়াশোনার কোন সুযোগ নেই। গুটিকতক বেসরকারী প্রতিষ্ঠানে ইনফরমেশন টেকনোলজী বিষয়ে পড়াশোনা করা যায় কিন্তু এগুলো সাধারণ মানুষের ধরা-ছোঁয়ার বাইরে। এদের শিক্ষা খরচ এতো বেশী যে, মধ্যবিত্ত সমাজের অভিভাবকগণ এখানে যাবার সাহসও করেন না। টেকনোলজী-নির্ভর শিক্ষা ব্যবস্থায় কিছু লোক বের হয়ে আসলে শিল্প উদ্যোক্তাগণ এ ব্যাপারে শিল্প স্থাপনে এগিয়ে আসবে। আশা করা যায় বেকার সমস্যার সিংহভাগই সমাধান হবে। আমরা এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের আশু দৃষ্টি কামনা করছি।

—রতন, ১৫৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।